ইসলাম প্রতিদিন

নিত্যপাঠ-১৭

ইসলাম এন্ড লাইফ
ISLAM AND LIFE
ইসলাম এস্টেট (৩য় তলা), ৫৫/১ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
+88 01708 43 41 95, +88 01818 64 65 75
info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

কুরআন

কিতাবুল্লাহ/আল্লাহর কিতাব

ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ ۛ فِيهِ ۛ هُدًى لِّلْمُتَّقِينَ

অর্থ: এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই। পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য। (সূরা বাকারাহ: আয়াত ২)

بَلْ هُوَ قُرْآنٌ مَّجِيدٌ

অর্থ: বরং এটা মহান কুরআন। (সূরা বুরুজ: আয়াত ২১)

تَنزِيلُ الْكِتَابِ مِنَ اللَّهِ الْعَزِيزِ الْحَكِيمِ

অর্থ: পরাক্রম, প্রজ্ঞাময় আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ এ কিতাব। (সূরা জাসিয়াহ: আয়াত ২)

يَا يَحْيَىٰ خُذِ الْكِتَابَ بِقُوَّةٍ ۖ وَآتَيْنَاهُ الْحُكْمَ صَبِيًّا

অর্থ: হে ইয়াহইয়া দৃঢ়তার সাথে এই গ্রন্থ ধারণ কর। আমি তাকে শৈশবেই বিচারবুদ্ধি দান করেছিলাম। (সূরা মারইয়াম: আয়াত ১২)

হাদিস

কিতাবুল্লাহ

عَنْ أَبِي شُرَيْحٍ الْخُزَاعِيِّ قَالَ : خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَقَالَ : " أَبْشِرُوا ، أَلَيْسَ تَشْهَدُونَ أَنْ لا إِلَهَ إِلا اللَّهُ ، وَأَنِّي رَسُولُ اللَّهِ ؟ " ، قَالُوا : نَعَمْ ، قَالَ : " فَإِنَّ هَذَا الْقُرْآنَ سَبَبٌ طَرَفُهُ بِيَدِ اللَّهِ ، وَطَرَفُهُ بِأَيْدِيكُمْ ، فَتَمَسَّكُوا بِهِ ، فَإِنَّكُمْ لَنْ تَضِلُّوا ، وَلَنْ تَهْلِكُوا بَعْدَهُ أَبَدًا "

অর্থ: হজরত আবু শুরাইহ্ আল খুজাঈ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, একবার রাসূলুল্লাহ (সা.) আমাদের সামনে বেরিয়ে এলেন অত:পর বললেন, তোমরা সু-সংবাদ গ্রহণ করো। তোমরা কি সাক্ষ্য দাওনা যে, আল্লাহ ব্যতিত আর কোন ইলাহ নেই এবং আমি আল্লাহর রাসূল? সবাই বলল, হ্যাঁ অবশ্যই। তিনি বললেন, নিশ্চয়ই এই কুরআন একটি রজ্জু যার একটি প্রান্ত আল্লাহ তায়ালার হাতে এবং আরেকটি প্রান্ত তোমাদের হাতে। অত:এব তোমরা এটাকে দৃঢ়ভাবে ধারণ কর। নিশ্চয়ই তোমরা এরপর আর কখনো পথভ্রষ্ট হবে না এবং ধ্বংস হবে না। (ইবনে হিব্বান: হাদিস ১২২, মু'জামুল কাবীর: হাদিস ৪৯১)

ফিকাহ

জমীন পাক করার নিয়ম

* যমীন/মাটিতে কোন নাজাছাত লাগলে তিন বার পানি প্রবাহিত করে দিলে তা পাক হয়ে যাবে।

* জমীন/মাটির উপর কোন নাজাছাত লেগে যদি এমনভাবে শুকিয়ে যায় যে, নাজাছাতের কোন চিহ্ন না থাকে তবুও তা পাক হয়ে যাবে। তার উপর নামাজ পড়া দুরস্ত আছে। তবে ঐ মাটি দ্বারা তায়াম্মুম করা সহীহ নয়।

* ইট, সিমেন্ট বা পাথর প্রভৃতি দ্বারা পাকা স্থানও জমীনের হুকুমে, তবে শুধু খালি ইট বিছানো থাকলে তা পূর্বের নিয়মে ধোয়া ব্যতিত পাক হবে না।

* জমীনের সঙ্গে যে ঘাস লাগা আতে তাও জমীনের মতোই অর্থাৎ শুধু শুকালে এবং নাজাছাতের চিহ্ন চলে গেলে তা পাক হয়ে যাবে। কাটা ঘাস ধোয়া ব্যাতিত পাক হবে না।